ঢাকা পলিটেকনিক শাখা ছাত্রদলের উদ্যোগে কর্মহীনদের মাঝে উপহার সামগ্রী বিতরণ

করোনাভাইরাসের কারণে কর্মহীনদের মাঝে উপহার সামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা পলিটেকনিক শাখা।

মঙ্গলবার (১৯ মে) ঢাকা পলিটেকনিক ক্যাম্পাসে শাখা ছাত্রদলের সাবেক সভাপতি আমিনুল ইসলাম সিকদারের মাধ্যমে ৩০০টি পরিবারের মাঝে উপহার সামগ্রী ও নগদ অর্থ বিতরণ করা হয় ।

এসময় ঢাকা পলিটেকনিক ক্যাম্পাস শাখা ছাত্রদলের সাবেক সভাপতি আমিনুল ইসলাম সিকদার বলেন, তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বিএনপির চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান জনাব তারেক রহমানের নির্দেশনায় এবং ঢাকা -১২ আসনের গণমানুষের নেতা জাতীয়তাবাদী যুবদলের সভাপতি সাইফুল আলম নীরব ভাইয়ের পরামর্শক্রমে বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসে কর্মহীন দুঃস্থ ও অসহায় মানুষের পাশে আছি ও থাকবো । তিনি আরো বলেন, বিএনপির রাজনীতির প্রধান লক্ষ্য দেশগঠন ও জনগণের সেবা। নানা প্রতিকূলতার মধ্যেও সেই আদর্শ থেকে বিএনপি সরে আসেনি। ব্যক্তিগত পর্যায়েও মানুষকে সহায়তা করতে তিনি দলের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান।

ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্রদলের আহবায়ক আশরাফুল আলম শাকিলের সভাপতিত্বে উপস্থিত ছিলেন, পলিটেকনিক ইনস্টিটিউটের সাবেক ভিপি তেজগাঁও শিল্পাঞ্চল থানা যুবদল সভাপতি মোঃ সোলায়মান, তেজগাঁও শিল্পাঞ্চল থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও ২৪ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, ঢাকা মহানগর উত্তর ছাত্রদল সিনিয়র সহ-সভাপতি মোঃ সাখাওয়াত হোসেন, ২৪নং ওয়ার্ড বিএনপির সভাপতি হানিফ বাবুল, তেজগাঁও শিল্পাঞ্চল থানা যুবদল সাধারন সম্পাদক মোহাম্মদ মনিরুজ্জামান মনির, তেজগাঁও শিল্পাঞ্চল থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম নবী রিপন, তেজগাঁও শিল্পাঞ্চল থানা বিএনপি নেতা আবু বকর বাকের, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্রদলের আহবায়ক আশ্রাফুল ইসলাম শাকিল, যুগ্ন-আহবায়ক মুরাদ হোসেন, যুগ্ন-আহবায়ক আবুল কাশেম, যুগ্ন-আহবায়ক মোঃ মনির

হোসেন, ২৪ নং ওয়ার্ড যুবদল সভাপতি মোঃ আলী, ২৫নং ওয়ার্ড যুবদল সভাপতি আশ্রাফুল আলম আকাশ, সাধারণ সম্পাদক মোঃ মাহমুদুর রহমান টিটু, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্রদল নেতা তুহিন, বাবু, ইমন, জাহিদ, সুজন, রাহাদ প্রমুখ ।